

স্বপ্নযাত্রা বৃত্তি প্রবর্তন-এর আবেদনের নীতিমালা

- ❖ ১ম লেভেল-এর ওরিয়েন্টেশনের পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ছাত্র-ছাত্রীদেরকে নির্ধারিত ফরমে ‘স্বপ্নযাত্রা বৃত্তির’ জন্য আবেদন করতে হবে। আর্থিকভাবে অস্বচ্ছল পরিবারের শিক্ষার্থীদের জন্য ২ (দুই) টি স্বপ্নযাত্রা বৃত্তির ব্যবস্থা থাকবে।
- ❖ আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ হতে পরবর্তী ৫ কার্যদিবসের মধ্যে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রকাশ করা হবে।
- ❖ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীকে প্রথম কিস্তিতে সম্পূর্ণ ভর্তি ফি, আবাসিক হলে ভর্তি ফি ও যাতায়াত, বই ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয় বাবদ ২০,০০০/- হাজার টাকা প্রদান করা হবে। পরবর্তীতে এক মাস অন্তর তিন কিস্তিতে মোট ছয় মাসের জীবনযাত্রা ব্যয় বাবদ প্রতি কিস্তিতে ৬,০০০/- হাজার টাকা করে মোট ১৮,০০০/- হাজার টাকা প্রদান করা হবে।
- ❖ এই বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী চুয়েটের ভর্তি বাতিল করতে পারবে না। ভর্তি বাতিল করতে ইচ্ছুক হলে ‘স্বপ্নযাত্রা বৃত্তি’ থেকে প্রাপ্ত সমুদয় অর্থ ফেরত দিতে হবে।
- ❖ এই বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্য ও আবেদনপত্র ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) এর নিকট পাওয়া যাবে।

-০-